**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু নেশা প্রতিরোধ ও বাল্যবিবাহ রোধের উপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্য সরকারের আহ্বানে জনগণ স্বতস্ফূর্তভাবে রক্তদানে এগিয়ে আসায় সন্তোষ প্রকাশ করেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ হিন্দি দিবস উপলক্ষে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠান আজ রাজধানী আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে হয় ।**

*****************************************

**Governor-Dhalai :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ লংতরাইভ্যালি মহকুমার কাঁঠালছড়াস্থিত হলিক্রস স্কুলের নবনির্মিত একটি পাকা ভবনের দারোদ্ঘাটন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, ছাত্র-ছাত্রীদের পড়াশোনার পাশাপাশি পারিপার্শ্বিক দিকগুলির দিকেও নজর রাখতে হবে। ড্রাগসের নেশায় যেন কেউ আসক্ত না হয় এবং বাল্যবিবাহ রোধেও উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পল দাংশু, এডিসির নির্বাহী সদস্যা ডলি রিয়াং, জেলার অতিরিক্ত জেলা

শাসক সুব্রত কুমার দাস, লংতরাইভ্যালি মহকুমার মহকুমা শাসক উত্তম কুমার ভৌমিক, জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী, বিদ্যালয়ের প্রিন্সিপাল ডঃ ডেভিস কনুরান। এর আগে ধলাই জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অফ অনার দেওয়া হয়।

****************************

**CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্য সরকারের আহ্বানে জনগণ স্বতস্‌ফূর্তভাবে রক্তদানে এগিয়ে আসায় সন্তোষ প্রকাশ করেছেন। আজ আগরতলার বনমালীপুরে মহানাম অঙ্গনের ৪৩তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি বলেন, রক্তদান এবং মজুতের মধ্যে সমতা বজায় থাকা দরকার। রাজ্যের মোট জনসংখ্যার ১০ শতাংশ রক্ত ব্লাড ব্যাঙ্কে থাকা প্রয়োজন। এই কারণে বর্তমান রাজ্য সরকার রক্তদান উৎসবে উৎসাহ প্রদান করে চলছে।

রক্তদান শিবিরে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের সম্পাদক সুদীপ কুমার রায়, মহানাম সম্প্রদায়ের সর্বভারতীয় সভাপতি শ্রীমৎ উপাসক বন্ধু ব্রহ্মচারী মহারাজ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের পক্ষ থেকে ৫০,০০১ টাকার চেক মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেওয়া হয়।

*************************

**Press Meet-PWD :**

সাম্প্রতিক বন্যায় রাজ্যে প্রায় চার হাজার ২৭৯ কিলোমিটার রাস্তাও ১৮৫টি ব্রিজ ও কালভার্ট সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এগুলি মেরামতির জন্য প্রায় ২০১৫ কোটি টাকা ব্যয় হবে। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন পূর্ত ও স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে। তিনি জানান, সেচ ব্যবস্থায় ১৫৯৮টি

প্রকল্পের মধ্যে ১১৮২টি প্রকল্পের ব্যাপক ক্ষতি হয়েছে। পূর্ত দপ্তরের জলসম্পদ বিভাগের সার্বিক ক্ষতির পরিমাণ প্রায় তিন হাজার পাঁচশো আটাশ কোটি টাকা। শীতকালীন ফসল ও সবজি চাষের জন্য দপ্তরের পক্ষ থেকে সেচ প্রকল্পগুলো মেরামতি ও সংস্কারের কাজ শুরু হয়েছে বলে তিনি জানান। শ্রী গিত্যে আরো জানান, রাজ্য সরকার সেচ প্রকল্প গুলো সংস্কার ও মেরামতির জন্য ৩৫ কোটি টাকা দিয়েছে। সাম্প্রতিক এই বন্যায় রাজ্যে ১৫টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, তিনটি কমিউনিটি হেলথ সেন্টার ৮৩টি উপ-স্বাস্থ্য কেন্দ্রের ক্ষতি হয়েছে। ক্ষতির পরিমাণ প্রায় ১০ কোটি টাকা। তিনি বলেন এখন পর্যন্ত রাজ্যে বন্যা ক্ষতিগ্রস্ত এলাকায় ২৭৪৮টি স্বাস্থ্য শিবিরে ১ লক্ষ ১০ হাজার রোগীকে চিকিৎসা করা হয়েছে। চারটি রেপিড রেসপন্স টিম বন্যাকবলিত এলাকায় প্রতিনিয়ত পরিদর্শন করছে কোথাও কোন ওষুধের ঘাটতি নেই। স্বাস্থ্য দপ্তর থেকে বন্যা ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে নিরাপদ জায়গায় জল সংরক্ষণ এবং জল ফুটিয়ে পান করতে নির্দেশিকা জারি করা হয়েছে।

**************************

**Current Affairs :**

গোটা দেশের পাশাপাশি রাজ্যেও PM JANAMAN প্রকল্পের মাধ্যমে রাজ্যের আদিম পিছিয়ে পড়া জনজাতি গোষ্ঠীদের (P V T G) আর্থসামাজিক মানোন্নয়ন করার প্রচেষ্টা চলছে। এই প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে সরকারি কল্যানমুলক প্রকল্পগুলির একশো শতাংশ সুবিধা ২০২৫ সালের মধ্যে এই শ্রেণীর জন গোষ্ঠীর প্রত্যেক পরিবারের কাছে পৌছে দেওয়ার জন্য পি এম জনমন অভিযানের মধ্য দিয়ে একাধিক দুপ্রকে নিয়ে কাজ চলেছে। আজ আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনায় একথা জানান আদিম জাতি পুনর্বাসন দপ্তরের জনজাতি কল্যাণ দপ্তরের (Trp এবং Ttg ) অধিকর্তা নগেন্দ্র দেব্বর্মা। তিনি বলেন গ্রামোন্নয়ন দপ্তর, পূর্ত দপ্তর, স্বাস্থ্য দপ্তর, শিক্ষা দপ্তর, জনজাতি কল্যাণ

দপ্তর, বিদ্যুত দপ্তর, সামাজিক ন্যায় ও শিক্ষা দপ্তর এই অভিযানের সামিল হয়ে একসাথে কাজ করছে। শ্রী দেববর্মা বলেন আধার কার্ড, PM জনধন এর সুবিধা, আয়ুষ্মান কার্ড, caste সার্টিফিকেট, প্রধানমন্ত্রী কিষাণ সন্মান নিধির সুবিধা পি এম জন মন শিবির করে রাজ্যের P V T G অর্থাৎ রিয়াং গোষ্ঠীর মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। তিনি বলেন,

##########Byte########

******************************

**Hindi Diwas, greetings :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ হিন্দি দিবস উপলক্ষে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে হিন্দি ভাষার গুরুত্ব তুলে ধরে তাঁর ভিডিও শেয়ার করেছেন। একটি ভিডিও বার্তায়, স্বরাষ্ট্রমন্ত্রী এই বছরের হিন্দি দিবসের তাৎপর্যের উপর জোর দিয়ে, উল্লেখ করেন যে ১৯৪৯ সালের ১৪ই সেপ্টেম্বর ভারতের গণপরিষদ হিন্দিকে সরকারী ভাষা হিসাবে গ্রহণ করেছিল।

তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে হিন্দি এবং আঞ্চলিক ভাষাকে শক্তিশালী করার জন্য গত এক দশকের প্রচেষ্টার প্রশংসা করেন। প্রতিরক্ষা মন্ত্রী একটি ভিডিও বার্তায় হিন্দিকে জাতীয় ও বিশ্বব্যাপী সরকারী ভাষা হিসাবে গ্রহণ করার প্রয়োজনীয়তা তুলে ধরেন।

***************************

**Hindi Diwas :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে হিন্দি ভাষা দেশকে একত্রিত করতে অভূতপূর্ব ভূমিকা পালন করেছে। তিনি বলেন যে হিন্দি এবং অন্যান্য ভাষার মধ্যে কোনও প্রতিযোগিতা নেই, কারণ তারা একে অপরের পরিপূরক। আজ নতুনদিল্লিতে সরকারি

ভাষার হীরক জয়ন্তী উদযাপন এবং চতুর্থ অখিল ভারতীয় রাজভাষা সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে ভাষণ দিতে গিয়ে শ্রী শাহ বলেন যে সমস্ত ভাষাকে শক্তিশালী করার মাধ্যমেই একটি শক্তিশালী জাতি তৈরি হবে। তিনি আরও বলেন, জাতীয় শিক্ষানীতি শিক্ষার ওপর বিশেষ জোর দিয়েছে যাতে শিশুরা তাদের মাতৃভাষায় শিক্ষা পায়। তিনি বলেন, সরকার হিন্দি ও অন্যান্য আঞ্চলিক ভাষার মধ্যে সম্পর্ক জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে। হিন্দি সরকারি ভাষা হওয়ার ৭৫ বছর পূর্তি উপলক্ষে শ্রী শাহ রাজভাষা ভারতী পত্রিকার হীরক জয়ন্তী বিশেষ সংখ্যা প্রকাশ করেন এবং রাজভাষা গৌরব ও রাজভাষা কীর্তি পুরস্কার প্রদান করেন। তিনি একটি স্মারক ডাকটিকিট এবং মুদ্রাও চালু করেন।

**************************

**Hindi Diwas-State :**

ত্রিপুরা রাজ্য রাষ্ট্রভাষা প্রচার সমিতির উদ্যোগে আজ ধলাই জেলার কমলপুর মহকুমার বামনছড়া ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে হিন্দি দিবস উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস, দূর্গা চৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ভানুপ্রতাপ লধি, প্রচার সমিতির সচিব হরিপদ দেব, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মন্দিরা দেব্বর্মা প্রমুখ। অনুষ্ঠানে দেশাত্মবোধক সঙ্গীত, নৃত্য, হিন্দি দিবসের তাৎপর্য নিয়ে আলোচনা হয়। তাছাড়া মরাছড়া উচ্চবিদ্যালয়ে সমিতির উদ্যোগে হিন্দি দিবস উদযাপন করা হয়।

***************************

**Sitaram Yechury :**

সিপিআইএম-এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক প্রয়াত সীতারাম ইয়েচুরির মরদেহ আজ নয়াদিল্লিতে এইমস হাসপাতালে দান করা হয়। এর আগে তার মরদেহ আজ নয়াদিল্লির গোল মার্কেটে

সিপিএম কেন্দ্রীয় কমিটির কার্যালয় এ কে গোপালন ভবনে শায়িত রাখা হয়। সেখানে দলীয় নেতৃবৃন্দ কর্মী ও সমর্থকরা তাঁকে শেষ শ্রদ্ধা জানান।

****************************

**Lok Adalat :**

গোটা দেশের সঙ্গে আজ রাজ্যেও তৃতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানান, জাতীয় আইন সেবা কর্তৃপক্ষের নির্দেশে আজ রাজ্যের তৃতীয় জাতীয় লোক আদালতে ৫১টি বেঞ্চে ২৩,৯৯৪টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। এর মধ্যে মামলা পূর্ববর্তী বিরোধ সংক্রান্ত ৩,৯২০টি বিষয় এবং আদালতে বিচারাধীন ২০,০৭৪টি মামলা রয়েছে বলে তিনি জানান। শ্রীমতি চৌধুরী আরো জানিয়েছেন, লোক আদালতে ত্রিপুরা হাইকোর্টে একটি বেঞ্চে ৩১টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়।

****************************

**National Lok-Adalat-Unakoti :**

"সবার জন্য ন্যায়" এই ভাবনায় ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ অনুষ্ঠিত হয় এবছরের তৃতীয়, জাতীয় লোক-আদালত। মোট পাঁচজন প্রিসাইডিং অফিসারের তত্বাবধানে মোট পাঁচটি কোর্ট বসে কৈলাশহর আদালত চত্বরে। সর্বমোট দুই হাজার সাতটি মামলা আজকের লোক আদালতে উত্থাপিত হয়। এরমধ্যে ছিল ৮৯৬টি মামলা পূর্ব বিরোধ। আজ যে'সব মামলা লোক-আদালতে তোলা হয় এরমধ্যে ছিল, BSNL এর বকেয়া বিল সংক্রান্ত মামলা, দাম্পত্য বিরোধ,মোটরযান দুর্ঘটনায় ক্ষতিপূরণ মামলা, আপোষযোগ্য ফৌজদারি মামলা ইত্যাদি। ঊনকোটি জেলার জেলা ও দায়রা জজ সুদীপ্তা চৌধুরী জানান, মামলাগুলোর দ্রুত ও সম্মানজনক নিষ্পত্তির লক্ষ্যে এই লোক-আদালতের আয়োজন।

****************************

**Power Minister :**

বেসরকারি সংস্থা ফিডকোর হাত থেকে রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড দশটি বিদ্যুৎ উপ বিভাগের দায়িত্ব নিয়ে নেওয়ার পর আজ ঐ উপবিভাগ সমূহের বিদ্যুৎ পরিস্থিতি খতিয়ে দেখেছেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। তিনি আজ সকালে আগরতলায় রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের কর্পোরেট কার্যালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মোহনপুর, হেজামারা, বামুটিয়া, লেফুঙ্গা, আমবাসা, মনু, ছামনু, গন্ডাছড়া, সাতচাঁদ এবং সাবরুমের দায়িত্বে থাকা এজিএম, ডিজিএম এবং সিনিয়র ম্যানেজারদের সঙ্গে কথা বলেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রত্যেকটি বিভাগের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা জানিয়েছেন, তারা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা দিতে প্রস্তুত। এর জন্য যাবতীয় প্রস্তুতি নিয়ে যথারীতি নিগমের কর্মীরা কাজে নিয়োজিত রয়েছেন।

**************************

**Flood-Compensation :**

সাম্প্রতিক বন্যায় শান্তিরবাজার মহকুমায় ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে ক্ষতিপূরণ দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। শান্তিরবাজার মহকুমা শাসকের অফিসের ডিসিএম সৈফুদ্দিন আহমেদ জানান, ডিজিটাল পদ্ধতিতে এখন পর্যন্ত ৯ কোটি ২৬ লক্ষ টাকা ক্ষতিপূরণ হিসাবে দেওয়া হয়েছে। পুরোপুরি ক্ষতিগ্রস্ত ঘরের সংশ্লিষ্ট পরিবারগুলিকে প্রথম কিস্তির ৫০ হাজার টাকা এবং ঘরের অর্ধেক বা কিছু অংশ ক্ষতি হওয়া পরিবারগুলিকে সরকারি নিয়ম মেনে ক্ষতিপূরণের টাকা দেবার কাজ শুরু হয়েছে। মহকুমা শাসক জানান, এখন পর্যন্ত শান্তিরবাজার মহকুমায় বন্যা ও ভূমিধসে প্রায় ১৯০০টি ঘর ক্ষতিগ্রস্ত হওয়ার খবর পাওয়া গেছে। এখন পর্যন্ত সাতশো ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরনের টাকা দেওয়া হয়েছে।

****************************

**Yaba tablet seized :**

ধলাই জেলার দুর্গা চৌমুহনী নাকা পয়েন্টে আজ ভোরে একটি সাফারি গাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ উনিশ হাজার ২০০টি ইয়াবা ট্যাবলেট আটক করেছে। আটককৃত ইয়াবা ট্যাবলেটের বাজার মূল্য দুই কোটি ২৮ লক্ষ টাকা। নেশা সামগ্রী পাচারের দায়ে পুলিশ গাড়ির চালক সহ তিন জনকে গ্রেফতার করে। ধৃতদের বিরুদ্ধে একটি এন ডিপিএস মামলা গ্রহণ করা হয়। এই অভিযানে নেতৃত্ব দেন কমলপুরের এসডিপিও।

***************************

**TCA Awards :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠান আজ রাজধানী আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে হয়। এতে বিগত পাঁচ বছরের বিভিন্ন ঘরোয়া আসরের বিজয়ীদের পুরষ্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে বিশ্বকাপ জয়ী ভারতীয় ক্রিকেটার দিলীপ ব্যাঙ্গসরকার, মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা, ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, ক্রিকেট বোর্ডের কর্তা অরুণ সিং ধুমাল উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী রাজ্যে ক্রিকেটের প্রসারে টিসিএ'র কাজকর্মের প্রশংসা করেন। তিনি ক্রিকেটের উন্নয়নে বেশ কিছু পরামর্শও দেন। দিলীপ ব্যাঙ্গসরকার বক্তব্যে তার ক্রিকেট জীবনে স্মৃতিচারণ করেন।

******************************

**Sub-Junior Football :**

আসামের জোরহাটে অনুষ্ঠিত জাতীয় সাবজুনিয়র বালক বিভাগের ফুটবল প্রতিযোগিতায় গ্রুপের দ্বিতীয় ম্যাচে ত্রিপুরা পরাজিত হয়েছে। জোরহাট স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় হরিয়ানা ৫-০ গোলে রাজ্যদলকে হারিয়ে দেয়।

*************************

**Weather :**

বঙ্গোপসাগরে সৃষ্ট বর্তমানে পশ্চিমবঙ্গের গাঙ্গেয় উপকূল ও তৎসংলগ্ন বাংলাদেশের উপর অবস্থান করছেন। এটি ক্রমশ পশ্চিম উত্তর অভিমুখে এগিয়ে যাচ্ছে। পাশাপাশি দক্ষিণ-পূর্ব বাংলাদেশের উপর একটি ঘূর্ণাবর্ত অবস্থান করছে। এর প্রভাবে আগামী ৪৮ ঘন্টায় রাজ্যের দক্ষিণ, গোমতী, সিপাহীজলা এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য সব জেলাতেও বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ১০ দশমিক ৮ মিলিমিটার। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রী সেলসিয়াস।

***************************